

# সূত্র

প্রিন্ট: ০৫ মে ২০২৫, ০৫:৫৩ এএম

সারাদেশ

## রুয়েটের নিষেধাজ্ঞা উপেক্ষা করে এনসিপির মিছিলে কর্মকর্তা



রাজশাহী ব্যুরো

প্রকাশ: ০৪ মে ২০২৫, ১০:৩৩ পিএম



রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) কর্তৃপক্ষের স্পষ্ট নিষেধাজ্ঞা থাকা সত্ত্বেও রাজনৈতিক কর্মসূচিতে অংশ নিয়েছেন এক কর্মকর্তা। জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মিছিলে তাকে সামনের সারিতে দেখা গেছে।

রাজশাহী মহানগরীর সাহেববাজার এলাকায় শনিবার বিকালে ‘আওয়ামী লীগ নিষিদ্ধের’ দাবিতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে এনসিপি রাজশাহী শাখা। কর্মসূচির ব্যানারটি ধরে সামনে দাঁড়িয়ে ছিলেন রুয়েটের সংস্থাপন ও প্রশাসন শাখার জুনিয়র সেকশন অফিসার আশিক ইকবাল।

রুয়েট কর্তৃপক্ষ ২০২৪ সালের ১০ আগস্ট এক অফিস আদেশে সব শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর রাজনৈতিক সংশ্লিষ্টতা নিষিদ্ধ ঘোষণা করে। অফিস আদেশে উল্লেখ করা হয়, ‘রুয়েট আইন ২০০৩-এর ৪৪(৪) ও ৪৫(৫) ধারা অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের কোনো কর্মকর্তা, শিক্ষক বা কর্মচারী রাজনৈতিক সংগঠনের সঙ্গে যুক্ত থাকতে পারবেন না।’ একই সঙ্গে ছায়া সংগঠন ও রাজনৈতিক কার্যক্রমেও সংশ্লিষ্টতা নিষিদ্ধ করা হয়।

বিশ্ববিদ্যালয়ের সিভিকিট সভার সিদ্ধান্ত অনুসারে আদেশটি জারি হয়েছিল, যার লঙ্ঘনে শাস্তিমূলক ব্যবস্থার কথাও বলা হয়। এমনকি তারও আগে, ২০২৩ সালের ৯ সেপ্টেম্বর রুয়েট প্রশাসন একই ধরনের একটি নিষেধাজ্ঞা দিয়েছিল।

এ অবস্থায় এনসিপির কর্মসূচিতে উপস্থিতির বিষয়ে সরাসরি স্বীকার করেছেন কর্মকর্তা আশিক ইকবাল। তার ভাষায়, ‘আমি কাগজে-কলমে এনসিপির কোনো পদে নেই। ওই সময় এলাকায় ছিলাম, একজন ডাকলে পাশে দাঁড়াই।’

রুয়েটের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার আরিফ আহম্মদ চৌধুরী এ বিষয়ে বলেন, বিষয়টি আমি দেখিনি। তবে এমন কিছু হয়ে থাকলে তা স্পষ্টতই বিশ্ববিদ্যালয়ের নীতিমালার লঙ্ঘন।

কী ধরনের ব্যবস্থা নেওয়া হতে পারে— এ প্রশ্নে তিনি বলেন, আমি এখনো অফিসিয়ালি কিছু জানি না। বিষয়টি খতিয়ে দেখা হবে।